দৈনিক সংবাদ

তারিখ 0 1 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

85

## ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল সমাবেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

প্রধানমন্ত্রী খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগমনের আগেই সর্বদলীয় ছাত্রঐক্যের ১০ দফা দাবিনামার ব্যাপারে সুস্পষ্ট বক্তব্য দেবার দাবি জানিয়ে বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাংবাদিক সম্মেলন, বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

ছাত্রলীগ (ম-ই) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা গতকাল বুধবার সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে বলেছে, প্রধানমন্ত্রী

ক্যাম্পাস ঃ পৃঃ ১২ কঃ ৫

## ক্যাম্পাস ঃ বিক্ষোভ

(১ম পৃষ্ঠার পর)

খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার আগে ছাত্র সমাজের রক্তস্নাত ১০ দফা মেনে নিয়ে তা বাস্তবায়নের আশু পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান কে, এইচ, এম লিজু এবং বিভিন্ন প্রশ্নের উত্তর দেন পংকজ দেবনাথ।

সাংবাদিক সম্মেলনের লিখিত বক্তব্যে ছাত্রলীগ (ম-ই) প্রধানমন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার আগে সন্ত্রাস দমন অধ্যাদেশ '৯২ বাতিল, ইনডেমনিটি অধ্যাদেশ বাতিল, যুদ্ধাপরাধী হিসেবে গোলাম আযমের বিচারসহ ৮ দফা দাবিনামা বাস্তবায়নের দাবি জানায়।

### গণতান্ত্রিক ছাত্রঐক্য

গণতান্ত্রিক ছাত্র ঐক্য আয়োজিত এক সমাবেশে গতকাল বুধবার বক্তারা বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার আগে প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে সর্বদলীয় ছাত্রঐক্যের ১০ দফা দাবিনামা সম্পর্কে সুস্পষ্ট বক্তব্য দিতে হবে, নইলে উদ্ভূত পরিস্থিতির দায়দায়িত্ব প্রধানমন্ত্রীকে বহন করতে হবে।

সর্বদলীয় ছাত্রঐক্যের ১০ দফা দাবিনামা বাস্তবায়ন, সন্ত্রাস দমন অধ্যাদেশ '৯২ বাতিল, যুদ্ধাপরাধী হিসেবে গোলাম আযমের বিচার ও দল নিরপেক্ষভাবে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল বুধবার সকালে ও বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও সমাবেশ করেছে।

সমাবেশ দু'টিতে বক্তৃতা করেন ছাত্র ইউনিয়ন নেতা আসলাম খান, ছাত্রলীগ (বা-কা) নেতা ওবায়দুর রহমান চুন্নু, ছাত্রমৈত্রী নেতা খায়রুল ইসলাম চৌধুরী রূপম ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট নেতা সাইফুর রহমান তপন।

### ছাত্রলীগ (মি-ল)

ছাত্রলীগ (মি-ল) গতকাল বুধবার এক সাংবাদিক সম্মেলনে নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে খালেদা জিয়ার ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগমনকে স্বাগত জানিয়েছে।

জহুরুল হক হলে অনুষ্ঠিত এ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের নেতা মিজানুর রহমান, ওয়াহিদুজ্জামান লনি, মাসুম আহমেদ, আবু তাহের, মিজানুর রহমান আরজু, মাহফুজুর রহমান রিপন প্রমুখ।